

বাকুবিতে প্লাস্টিক, ক্রেস্ট ও নেশাজাতীয় দ্রব্য ব্যবহারে নিষেধাজ্ঞা

বাকুবি প্রতিনিধি

০২ মার্চ, ২০২৫ ২০:০৩

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

ক্লাস ও অফিস এলাকায় ধূমপান ও প্লাস্টিক বোতল ব্যবহারে নিষেধাজ্ঞাসহ পরিবেশ সংরক্ষণ ও শৃঙ্খলা বজায় রাখতে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকুবি) প্রশাসন নতুন কিছু নির্দেশনা জারি করেছে।

রবিবার (২ মার্চ) বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. হেলাল উদ্দীন স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, এখন থেকে বিশ্ববিদ্যালয় চত্বরে কোনো অনুষ্ঠানে প্লাস্টিক বোতলজাত পানি ব্যবহার বা সরবরাহ করা যাবে না। এ ছাড়া কোনো অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ অতিথিদের ফুলের তোড়া বা ডালা প্রদান এবং ক্রেস্ট গ্রহণ-বিতরণও নিষিদ্ধ করা হয়েছে।

শৃঙ্খলা বজায় রাখতে আরো কিছু বিধি-নিষেধ আরোপ করা হয়েছে। ক্লাস ও অফিস এলাকায় ধূমপান সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়েছে। পাশাপাশি ক্যাম্পাসজুড়ে নেশাজাতীয় দ্রব্য গ্রহণের ওপরও সম্পূর্ণ নিষেধাজ্ঞা জারি করা হয়েছে।

এ ছাড়া নির্ধারিত স্থান ছাড়া অন্য কোথাও ময়লা-আবর্জনা ফেলা যাবে না বলেও নির্দেশনা দিয়েছে প্রশাসন।

এর আগে গত ২৭ ফেব্রুয়ারি বাকুবি ক্যাম্পাসে প্লাস্টিক ও প্লাস্টিকজাত বোতলের ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ কে ফজলুল হক ভূঁইয়া। ফিশারিজ ম্যানেজমেন্ট বিভাগের অধীনে পরিচালিত ‘ব্রহ্মপুত্র নদে মাইক্রোপ্লাস্টিক দূষণ : মাছ ও জলজ খাদ্য শৃঙ্খলে বিপর্যয়ের আশঙ্কা’ শীর্ষক গবেষণা প্রকল্পের কর্মশালায় তিনি এই ঘোষণা দেন।

কর্মশালায় উপাচার্য বলেন, ‘মাইক্রোপ্লাস্টিক দূষণের কারণে ভারত ও বাংলাদেশ অধিক ঝুঁকিপূর্ণ। এর ব্যবহারজনিত কারণে খাদ্যশৃঙ্খলে মারাত্মক বিপর্যয় ঘটতে পারে।

তাই আমি ব্যক্তিগতভাবে সবাইকে অনুরোধ করছি, বাকুবি ক্যাম্পাসে প্লাস্টিক ও প্লাস্টিকজাত বোতলের ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ। যদি কেউ প্লাস্টিকজাত বোতল ব্যবহার করে এবং তা গণমাধ্যমে প্রকাশ পায়, তবে সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানকে চিহ্নিত করা হবে।’